# বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০৩ ডিসেম্বর ২০২৫

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ এ বিভিন্ন বিভাগ/অফিস/দপ্তরের নিম্নেবর্ণিত পদসমূহে শুন্য পদের বিপরীতে স্থায়ী কর্মচারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

**কর্মচারীঃ**

| ক্রমঃ | পদের নাম ও বেতন | বিভাগ/অফিস/দপ্তর | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | **সহকারী টেকনিক্যাল অফিসার**<br>বেতন ভাতা ঃ ২৮,০০০/-<br>(সর্বসাকুল্যে) | সিভিল ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার) | ০১ | ক। যেকোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ইন আর্কিটেকচার/সমতূল্য এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে।<br>খ। সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ থাকতে হবে।<br>গ। কম্পিউটার (এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট) পরিচালনা এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১ (এক) বছর ব্যবহারিক কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ। সিভিল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে প্রফেশনাল অটোক্যাড, এ্যাস্টিমেটিং ও আর্কিটেকচারাল ড্রয়িং-এ অভিজ্ঞতা এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে মেশিনিস্ট হিসেবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঙ। বয়সঃ অনুর্ধ্ব ৩২ বছর। |
| | | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) | ০১ | |
| ০২। | **অফিস সুপারভাইজার**<br>বেতন ভাতা ঃ<br>২৮,০০০/-<br>(সর্বসাকুল্যে) | রেজিস্ট্রার দপ্তর | ০১ | ক। যেকোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে।<br>খ। ইংরেজিতে ভাল জ্ঞান এবং কম্পিউটার এমএস ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন কাজে দক্ষতা থাকতে হবে।<br>গ। বয়সঃ অনুর্ধ্ব ৩২ বছর। বাংলাদেশ সেনাবাহিনী হতে করণিক পেশায় অবসরপ্রাপ্ত সিনিয়র ওয়ারেন্ট অফিসার/ওয়ারেন্ট অফিসার/সার্জেন্ট পদবীর প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য। |
| ০৩। | **আইটি টেকনিশিয়ান**<br>বেতন ভাতা ঃ ১৯,৫০০/-<br>(সর্বসাকুল্যে) | আইসিটি উইং এন্ড আর্কাইভ | ০১ | ক। সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা এবং কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।<br>খ। যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানে আইসিটি সংক্রান্ত কাজে ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>গ। নেটওয়ার্কিং, অপারেটিং সিস্টেম, নেটওয়ার্ক প্রটোকল, সফটওয়্যার ও হার্ডওয়্যার এবং নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ, কনফিগারেশন ও সমস্যা সমাধানের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। |
| ০৪। | **বাস/কোস্টার ড্রাইভার**<br>বেতন ভাতা ঃ ১৯,৫০০/-<br>(সর্বসাকুল্যে) | রেজিস্ট্রার দপ্তর (এমটি সেকশন) | ০১ | ক। এসএসসি/অষ্টম শ্রেণী পাশ।<br>খ। ড্রাইভার পদে পেশাগত অভিজ্ঞতাসহ হালকা এবং ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>গ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর।<br>ঘ। সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত সার্জেন্ট/কর্পোরালদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। |
| ০৫। | **মেস ম্যানেজার**<br>বেতন ভাতা ঃ ১৭,২০০/-<br>(সর্বসাকুল্যে) | বনলতা হল (ক্যাটারিং) | ০১ (মহিলা) | ক। এইচএসসি অথবা সমমান।<br>খ। মেসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা, খাবার ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রীর হিসাব রাখা, কেনাকাটা, খরচ নিয়ন্ত্রণ, পরিচ্ছন্নতা ও সুশৃঙ্খল পরিবেশ বজায় এবং মেস পরিচালনার জন্য প্রয়োজনীয় বাজেট তৈরি ও খরচ তদারকি করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| | | রেজিস্ট্রার দপ্তর (ক্যাটারিং সেল) | ০১ (পুরুষ) | |
| ০৬। | **নার্স (মহিলা)**<br>বেতন ভাতা ঃ ১৬,৫০০/-<br>(সর্বসাকুল্যে) | রেজিস্ট্রার দপ্তর (মেডিকেল সেকশন) | ০১ | ক। ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর (জিপিএ-৩.০০) এসএসসি পাশসহ মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্স/নার্সিং এ্যাসিসটেন্ট কোর্সে উত্তীর্ণ হতে হবে।<br>খ। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>গ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। |
| ০৭। | **ল্যাবরেটরি সহকারী**<br>বেতন ভাতা ঃ ১৬,৫০০/-<br>(সর্বসাকুল্যে) | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ০২ | ক। এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ০১ (এক) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ। সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ থাকতে হবে।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছরের ডিপ্লোমা এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মেশিনিস্ট হিসেবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| | | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) | ০১ | |
| | | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) | ০৩ | |

| ক্রমঃ | পদের নাম ও বেতন | বিভাগ/অফিস/দপ্তর | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০৮। | **ইলেকট্রিশিয়ান**<br>বেতন ভাতা ঃ<br>১৬,৫০০/-<br>(সর্বসাকুল্যে) | রেজিস্ট্রার দপ্তর<br>(ইউটিলিটি সেল) | ০১ | ক। এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে।<br>খ। ইলেকট্রিশিয়ান পদের জন্য কমপক্ষে ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে।<br>গ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। |
| ০৯। | **মেসেঞ্জার**<br>বেতন ভাতা ঃ<br>১৫,৩০০/-<br>(সর্বসাকুল্যে) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) | ০১ | ক। এসএসসি বা সমমান পরীক্ষায় পাশ হতে হবে।<br>খ। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। |

**নোটঃ** বেতন ভাতা ছাড়াও অন্যান্য আনুসাঙ্গিক সুবিধাদি BAUET এর নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন।

**দরখাস্তের নিয়মাবলীঃ**

১। উপরোল্লিখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং এক কপি আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর বরাবরে আগামী ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। উল্লেখিত তারিখের পরে ডাকযোগে/সরাসরি/কুরিয়ারযোগে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা দিতে হবে।

৩। পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি **(BAUET), Qadirabad** এর অনুকূলে ৩০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি প্রেরণ না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। পরীক্ষার তারিখ ও সময় BAUET ওয়েবসাইট www.bauet.ac.bd এ যথাসময়ে প্রকাশিত হবে।

৭। পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৮। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

৯। পদসংখ্যা কম/বেশি হতে পারে।

১০। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
BAUET, কাদিরাবাদ